বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

www.bb.org.bd

এফই সার্কুলার নং ২০

ডিসেম্বর ০৩, ২০২৩
তারিখ: --------------------
অগ্রহায়ন ১৮, ১৪৩০

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়,

কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্টস ফার্ম দ্বারা রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তার আবেদনপত্র নিরীক্ষাকরণ প্রসংগে।

এফই সার্কুলার নং ১৩, তারিখ আগষ্ট ২৪, ২০২৩ এর মাধ্যমে চলতি ২০২৩-২০২৪ অর্থবছরের জুলাই ০১, ২০২৩ থেকে জুন ৩০, ২০২৪ তারিখ পর্যন্ত জাহাজীকৃত সংশ্লিষ্ট পণ্য রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা বলবৎ থাকার বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা জারি করা হয়। উক্ত সার্কুলারের ২ নং অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তার আবেদনপত্র বাংলাদেশ ব্যাংক অনুমোদিত এবং সংশ্লিষ্ট ব্যাংকের নিয়োজিত অডিট ফার্ম দ্বারা নিরীক্ষা করানো যাবে। পাশাপাশি নিরীক্ষা কার্যক্রম দ্রুত সম্পাদনের লক্ষ্যে অতিরিক্ত ফার্ম নিয়োগের প্রয়োজন হলে সে বিষয়ে যৌক্তিকতা ও প্রয়োজনীয় তথ্যসহ অডিট ফার্মের সংখ্যা উল্লেখপূর্বক বাংলাদেশ ব্যাংক বরাবর আবেদন করতে হবে মর্মেও উক্ত সার্কুলারে নির্দেশনা জ্ঞাপিত রয়েছে।

০২। সরকারি সিদ্ধান্তক্রমে জানানো যাচ্ছে যে, রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তার আবেদনপত্র নিরীক্ষার লক্ষ্যে ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (এফআরসি)-এর প্রকাশিত সর্বশেষ তালিকায় অন্তর্ভুক্তি এবং বাংলাদেশ ব্যাংক-এর তালিকাভুক্তি সাপেক্ষে কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্টস (সিএমএ) ফার্মকেও সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক অডিটর হিসেবে নিয়োগ করা যাবে। আলোচ্য সিদ্ধান্তের সূত্রে চলতি অর্থবছরের রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তার আবেদনপত্র নিরীক্ষার লক্ষ্যে সিএমএ ফার্ম নিয়োগ করা যাবে। এ বিষয়ে যৌক্তিকতা উল্লেখপূর্বক সিএমএ ফার্মের নাম, ঠিকানা, প্রাসঙ্গিক অন্যান্য বিষয়াবলী এবং এফআরসি ও বাংলাদেশ ব্যাংক-এর তালিকাভুক্তি সংক্রান্ত তথ্যসহ বাংলাদেশ ব্যাংক বরাবর আবেদন করতে হবে।

০৩। সিএমএ ফার্ম কর্তৃক রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তার আবেদনপত্র নিরীক্ষার ক্ষেত্রে সার্কুলার পত্র নং এফইপিডি (কম)২৯১/২০০২-১৩৬৭, তারিখ জুন ০২, ২০০২; সার্কুলার পত্র নং এফইপিডি(রপ্তানি নীতি)২৯১/২০১৪-১৩, তারিখ জুন ২৯, ২০১৪; এফই সার্কুলার পত্র নং ২১, তারিখ জুন ০২, ২০২০ ও এফই সার্কুলার পত্র নং ২৯, তারিখ আগস্ট ১২, ২০২০ এর নির্দেশনাসহ রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা বিষয়ে প্রযোজ্য অপরাপর সকল সার্কুলার/সার্কুলার পত্রের নির্দেশনা প্রযোজ্য হবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সরোয়ার হোসেন)
পরিচালক (এফইপিডি)
ফোনঃ ৯৫৩০১২৩